

কর্মশালায় বক্তারা

# ঢাকাকেন্দ্রিক নগরায়ণে দেশের সামগ্রিক উন্নয়ন বাধাগ্রস্ত হচ্ছে

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে স্বাভাবিকভাবেই বাংলাদেশে নগরায়ণের হার বেড়েছে। কিন্তু এটি এখনো ঢাকা ও চট্টগ্রামকেন্দ্রিক এবং এর ফলে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও নগরায়ণ বাধাগ্রস্ত হচ্ছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত নগরায়ণসংক্রান্ত একটি কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। আয়োজনে সহযোগিতা করেছে বিশ্বব্যাংক।

কর্মশালায় বিআইডিএসের মহাপরিচালক বিনায়ক সেন বলেন, ১৯৭৪ সালের আদমশুমারি অনুযায়ী নগর অঞ্চলে জনসংখ্যা ছিল ৫ শতাংশ, এখন সেটি ৪০ শতাংশ ছাড়িয়ে গেছে। নগরায়ণের এ প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, ঢাকা, চট্টগ্রামে যানজটসহ অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে নানা সমস্যার সৃষ্টি করছে। এমন অবস্থায় নগরায়ণের প্রচলিত ধারার পুনর্বিদ্যায়ন করে সঠিক পথে নিয়ে আসতে হবে।

কর্মশালার মূল বিষয় উপস্থাপন করেন বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ ফরহাদ শিল্লী ও অর্থনীতিবিদ আলেক্সান্দ্রো মলনার। তাঁদের উপস্থাপনায় উল্লেখ করা হয়, ২০৫০ সাল নাগাদ দেশের ৬০ শতাংশ মানুষ নগরে বাস করবেন। আর জলবায়ু পরিবর্তনের প্রভাবে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে দক্ষিণাঞ্চলের বেশ কিছু অংশ ডুবে যাবে। এতে ওই অঞ্চলের মানুষের একটি অংশ উত্তরাঞ্চলের দিকে চলে আসবে। তাদের কথা মাথায় রেখে উত্তরাঞ্চলের নগর-পরিকল্পনা করতে হবে। আবার যারা দক্ষিণাঞ্চলে থেকে যাবে, তারা যাতে ওই অঞ্চলের সঙ্গে নিজেদের মানিয়ে নিতে পারে, সে ব্যাপারেও গুরুত্ব দিতে হবে।